



২৯ এপ্রিল ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষ্যে ‘অনলাইন আইনগত সহায়তা : কাউকে পেছনে ফেলে নয়’ শীর্ষক অনলাইন মতবিনিময় সভা

জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষ্যে আজ ২৯ এপ্রিল ২০২১ তারিখ বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষ থেকে ‘করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতি- অনলাইন আইনগত সহায়তা : কাউকে পেছনে ফেলে নয়’ শীর্ষক একটি অনলাইন মতবিনিময় সভার আয়োজন করা হয়।

এই সভায় অংশগ্রহণ করেন সরকারী ও বেসরকারী সংস্থার প্রতিনিধি, আইনজীবী, আইন সহায়তা সংস্থাসমূহের প্রতিনিধি এবং মানবাধিকার কর্মীগণ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিচারপতি মোঃ নিজামুল হক, মুখ্য আইন উপদেষ্টা, ব্লাস্ট এবং অবসরপ্রাপ্ত বিচারপতি, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট। সভায় একটি সংক্ষিপ্ত উপস্থাপনার মাধ্যমে আলোচনার সূত্রপাত করেন ব্লাস্ট এর স্টাফ আইনজীবী এডভোকেট সিফাত-ই-নূর খানম। তিনি বলেন, অনলাইন আইনগত সেবা গ্রহণের জন্য সেবা গ্রহীতার অবশ্যই মোবাইল ও ইন্টারনেট অভিজ্ঞতা থাকতে হবে। কিন্তু বিভিন্ন গবেষণায় দেখা যায়, মাত্র ১০% গ্রামীণ নারীর ইন্টারনেট সুবিধা রয়েছে এবং তরুণ নারীদের ৪০% এর মোবাইল সুবিধা রয়েছে। তাছাড়া পার্বত্য এলাকা এবং চর ও হাওর এলাকায় মোবাইল ও ইন্টারনেট নেটওয়ার্ক একেবারেই সীমিত। ফলে অনলাইন আইনগত সহায়তা থেকে একটি বিশাল জনগোষ্ঠী বঞ্চিত হচ্ছে।

ব্লাস্টের এডভোকেসী উপদেষ্টা এডভোকেট মোঃ তাজুল ইসলাম এর সঞ্চালনায় এই অনলাইন সভায় সরকারী ও বেসরকারী অনলাইন আইনগত ও পরামর্শ সেবা প্রদানকারী বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। ডব্লিউডিডিএফ-এর নির্বাহী পরিচালক আশরাফুল্লাহর মিস্তি অনলাইন আইনগত সহায়তাসহ অন্যান্য অনলাইন সেবায় বাক ও শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য হেল্পলাইনে মেসেজিং এর সুবিধা চালু করার পরামর্শ প্রদান করেন। বাংলাদেশ মহিলা পরিষদ এর সহ-সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মাকসুদা বেগম রোজি অনলাইন বিভিন্ন অ্যাপ এর মাধ্যমে স্থানীয় বিরোধ মিমাংসায় সালিশ পরিচালনা করার উপর গুরুত্বারোপ করেন। আইন ও সালিশ কেন্দ্রের প্রতিনিধি অ্যাডভোকেট আবদুর রশিদ বলেন, অনলাইনে আইনগত সেবা প্রদানের সর্বোচ্চ চেষ্টা করা হলেও তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। ভবিষ্যতে আরো কার্যকরী কোন পন্থা ব্যবহার করে অনলাইনে আইনগত সেবা প্রদান করতে হবে।

আনোয়ার সান্তার, পুলিশ ইন্সপেক্টর, (ট্রেনার, ফোকাল পারসন-মিডিয়া) ন্যাশনাল ইমার্জেন্সী সার্ভিস জানান, ৯৯৯ হটলাইনটি ২০১৭ সালের ডিসেম্বরে চালু হবার পর থেকে এখন পর্যন্ত তারা ২ কোটি ৮৫ লক্ষ কল পেয়েছেন। অপ্রয়োজনীয় কল রোধ করতে মানুষকে সচেতন করা, অ্যাপ, লোকেশন সার্ভিস ও অন্যান্য সুবিধা চালু করার লক্ষ্যে তারা বর্তমানে কাজ করে যাচ্ছেন।

জেনেফা জব্বার, পরিচালক (এইচ আর এল এস ও সোশ্যাল কমপ্লাইন্স), ব্র্যাক বর্তমানে অনলাইনে আইনগত সহায়তা প্রদানের ক্ষেত্রে দুর্দান্ত সাফল্য পেলেও এই সেবা প্রদান শুরু করার সময় তারা বেশ কিছু বাধার সম্মুখীন হন। অনলাইনে আইনগত সহায়তা প্রদান বিষয়ে প্যানেল আইনজীবীদের যথাযথ প্রশিক্ষণ দেয়া, ভার্চুয়াল কোর্ট সবসময় চালু রাখা ও



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

কমিউনিটি পর্যায়ে সরকারী সংস্থাগুলোর ডিজিটলাইজেশন করা সম্ভব হলে ভবিষ্যতে সব বিপর্যয় মোকাবেলা করার মতো অবস্থা তৈরি হবে বলে তিনি অভিমত দেন।

ইলিটিউট অব ইনফরমেটিকস এন্ড ডেভেলপমেন্ট (আইআইডি) এর নির্বাহী পরিচালক সাঈদ আহমেদ মোবাইল ও ইন্টারনেট এ যাদের অভিজ্ঞতা নেই তাদের জন্য অনলাইন সেবা প্রদানের জন্য স্বেচ্ছাসেবক দল গঠন এবং স্থানীয় সরকারী ও বেসরকারী সংস্থা ও প্রতিষ্ঠানের সাথে যৌথ অংশীদারিত্ব গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন।

মো: হাবিবুর রহমান চৌধুরী, উপপরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, বলেন দুর্যোগকালীন সময়ে কার্যক্রম চালিয়ে যাওয়ার লক্ষ্যে ফেসবুক, হোয়াটসঅ্যাপ, জুম - এরূপ নানা মাধ্যমে আইনগত সহায়তা প্রদান সম্প্রসারণ করা হচ্ছে। এই বিষয়ে সকলের অভিজ্ঞতা নিশ্চিত করতে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে লিগ্যাল এইড কমিটি সক্রিয় করার উদ্যোগ নেয়া হচ্ছে। সরকারী-বেসরকারী সকল সংস্থাকে সমন্বিতভাবে একযোগে কাজ করে পরিস্থিতির উন্নয়ন ঘটাতে তিনি আহ্বান জানান।

বিচারপতি মোঃ নিজামুল হক বলেন, করোনা পরিস্থিতিতে অনলাইন মাধ্যম ব্যবহারে যারা অগ্রণী, এই বিষয়ে অন্যদের তারা সহায়তা করলে সর্বস্তরের মানুষের কাছে এই সুবিধা পৌঁছে দেয়া সম্ভব। সরকারী ও বেসরকারী আইনী সেবা প্রদান সংস্থা সমূহের পারস্পরিক সহযোগীতা ও উদ্যোগী ভূমিকার মাধ্যমে কাউকে পেছনে না ফেলে সকলের নিকট অনলাইন আইনী সহায়তা পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করা সম্ভব।

বার্তা প্রেরক

মাহবুবা আকতার

ডেপুটি ডিরেক্টর (অ্যাডভোকেসি অ্যান্ড কমিউনিকেশন)

বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

Mail: mahbuba@blast.org.bd